

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০৫৩
বিশালগড়, ১৩ মার্চ, ২০২৫

১৪ মার্চ বিশালগড় মহকুমা ভিত্তিক দোল উৎসব : প্রস্তুতি সভা অনুষ্ঠিত

১৪ মার্চ বিশালগড় দ্বাদশ শ্রেণী বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত হবে বিশালগড় মহকুমা ভিত্তিক দোল উৎসব। অনুষ্ঠানে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হবে। এই উৎসবকে সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে আজ বিশালগড়স্থিত নারী মঙ্গল সিআরসি হলে এক প্রস্তুতিসভা অনুষ্ঠিত হয়। বিধায়ক সুশান্ত দেবের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশালগড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান অতসী দাস, বিশালগড় মহকুমা ভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য প্রসেনজিৎ চক্রবর্তী, জীতেন্দ্র চন্দ্র সাহা, মহকুমা তথ্য ও সংস্কৃতি আধিকারিক কাকলী ভৌমিক প্রমুখ।
